Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 28 May, 2025

পুর্নীতি দমন কমিশন (পুদক) যাত্রী সেজে অভিযান চালিয়েছে জামালপুর রেলওয়ে জংশন স্টেশনে।

আজ বুধবার (২৮ মে) সকাল ১০টা থেকে বেলা আড়াইটা পর্যন্ত টানা সাড়ে ৪ ঘণ্টা ধরে এ অভিযান পরিচালনা করে তুদকের জামালপুর জেলা সমন্বিত কার্যালয়ের একটি দল।

অভিযান শুরুর আগে সকাল ১০টা থেকেই তুদকের কর্মকর্তারা সাধারণ যাত্রীর ছদ্মবেশে স্টেশনে অবস্থান করে তথ্য সংগ্রহ করেন।পরে তুপুর ১২টার দিকে মূল অভিযান শুরু হয়।

অভিযানে স্টেশনের বুকিং কাউন্টারে একাধিক অনিয়ম ও দুর্নীতির চিত্র পাওয়া যায়।পাশাপাশি প্র্যাটফর্ম ও বিশ্রামাগারে প্রচুর পরিমাণে ময়লা-আবর্জনা ও অস্বাস্থ্যকর পরিবেশও নজরে আসে দুদক টিমের।

পুর্নীতি দমন কমিশন সমন্বিত জেলা কার্যালয়, জামালপুরের উপ-সহকারী পরিচালক মো. আতিউর রহমান জানান- অভিযান চলাকালীন পাওয়া সকল তথ্য কমিশনে পাঠানো হয়েছে এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

তুদক

Generated on 28 June, 2025 11:09

URL: https://www.timestodaybd.com/mymensingh/7758073064